

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
কর্মসংস্থান শাখা-১
www.probashi.gov.bd

নং-৪৯.০০৩.৫৩৫.০০.০০.২০৪.২০১০.

তারিখ : ০৩-১২-২০১৭ খ্রিঃ।

বিষয় : সৌদি আরবের CIVIL WORKS COMPANY LTD-এর অধীনে Labour পদে ৮০ (আশি) জন, Heavy Driver পদে ১০ (দশ) জন, Heavy Equipment operator Driver পদে ১৫ (পনের) জন, Denting পদে ০২ (দুই) জন, Auto Painter ০২ (দুই) জন, Mason পদে ০২ (দুই) জন, Carpenter ০২ (দুই) জন এবং Tiler পদে ০২ (দুই) জনসহ মোট $৮০+১০+১৫+২+২+২+২+২=১১৫$ (একশত পনের) জন পুরুষ কর্মীর নিয়োগানুমতি প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সি আজম ওভারসীজ (আরএল-৫৩৫)-এর আবেদনের প্রেক্ষিতে সৌদি আরবের CIVIL WORKS COMPANY LTD-এর অধীনে Labour পদে ৮০ (আশি) জন, Heavy Driver পদে ১০ (দশ) জন, Heavy Equipment operator Driver পদে ১৫ (পনের) জন, Denting পদে ০২ (দুই) জন, Auto Painter ০২ (দুই) জন, Mason পদে ০২ (দুই) জন, Carpenter ০২ (দুই) জন এবং Tiler পদে ০২ (দুই) জনসহ মোট $৮০+১০+১৫+২+২+২+২+২=১১৫$ (একশত পনের) জন পুরুষ কর্মীর নিয়োগানুমতি নিম্নলিখিত শর্তে নির্দেশক্রমে জ্ঞাপন করা হ'ল :

কোম্পানীর নাম	পদের নাম	কর্মী সংখ্যা	বেতন (মাসিক)	অন্যান্য সুবিধাদি
CIVIL WORKS COMPANY LTD.	Labour	৮০(আশি) জন	৮০০ (সৌদি রিয়াল)	খাবার, বাসস্থান, ইকামা, চিকিৎসা, যাতায়াত ফ্রি;
	Heavy Driver	১০(দশ)জন	১৭০০ (সৌদি রিয়াল)	চুক্তির মেয়াদ- ০২ বছর, কর্মঘন্টা- ৮ ঘন্টা।
	Heavy Equipment Operator Driver	১৫(পনের) জন	১৭০০ (সৌদি রিয়াল)	বিমান ভাড়া- উভয় পথ ফ্রি; চাকুরির অন্যান্য শর্তাবলী সৌদি আরবের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।
	Denting	০২ (দুই) জন	৮০০ (সৌদি রিয়াল)	
	Auto Painter	০২(দুই) জন	৮০০ (সৌদি রিয়াল)	
	Mason	০২(দুই) জন	৮০০ (সৌদি রিয়াল)	
	Carpenter	০২(দুই) জন	৮০০ (সৌদি রিয়াল)	
	Tiler	০২(দুই) জন	৮০০ (সৌদি রিয়াল)	

মোট $(৮০+১০+১৫+২+২+২+২+২)=১১৫$ জন

শর্তাবলী :

- (ক) প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি কর্মীদের সাথে সৌদি আরবে যাবেন অথবা সংশ্লিষ্ট বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।
- (খ) প্রত্যেক গ্রুপে বাংলাদেশের কর্মীরা সৌদি আরবে পৌঁছার পর রিক্রুটিং এজেন্সি অত্র মন্ত্রণালয়, বিএমইটিএবং রিয়াদস্থ বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে।

- (গ) বহির্গমন ছাড়পত্র ইস্যু করার পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।
- (ঘ) বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে মূল চাহিদা পত্র/ক্ষমতা পত্র ও অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।
- (ঙ) কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ ১,২৩,০০০/- (একলক্ষ তেইশ হাজার) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং কোনক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।
- (চ) চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হলে অথবা কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানীতে চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সিকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাশন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/=(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- (ছ) চাকরির শর্তাবলী সৌদি আরবের শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- (জ) এ নিয়োগ সম্পন্ন করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
- (ঝ) সৌদি ভিসার অনলাইন সিস্টেম (Enjaz IT) থেকে হালনাগাদ তথ্য যাচাই করতে হবে।
- (ঞ) বিমান ভাড়াসহ অন্য কোন ফি প্রযোজ্য না হলে তা কর্মীর উপর বর্তাবে না।
- (ট) দক্ষতা ভিত্তিক কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।
- (ঠ) মূল চাহিদাপত্র ও ক্ষমতাপত্রের Attestation-এর বিষয়টি বিএমইটি সতর্কভাবে পরীক্ষা করবে।
- (ড) ১ জুলাই ২০১৭ থেকে ডাটাবেজ কার্যকর হওয়ায় ডাটাবেজ থেকে কর্মী নেয়ার বিষয়টি মহাপরিচালক বিএমইটি নিশ্চিত করবেন।

স্বাক্ষর

(ডক্টর কাজী কামরুন নাহার)

উপসচিব

ফোনঃ ০২৪-৮৩২২৫১৯

মহাপরিচালক

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো,

৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।

নং-৪৯.০০৩.৫৩৫.০০.০০.২০৪.২০১০.৭৭৮

তারিখ : ০৩-১২-২০১৭ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

১. যুগ্মসচিব (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩. কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস/বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, রিয়াদ/জেদ্দা, সৌদি আরব।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৫. সহকারী প্রোগ্রামার (আইটি শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. যুগ্মসচিব (কর্মসংস্থান), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৭. স্বত্বাধিকারী, আজম ওভারসীজ, হাউজ নং-১৬, রোড-২২, ব্লক-কে, বনানী, ঢাকা-১২১৩
৮. অফিস কপি।

স্বাক্ষর

(ডক্টর কাজী কামরুন নাহার)

উপসচিব

ফোনঃ ০২৪-৮৩২২৫১৯